

“একই স্বারক ও তারিখে প্রতিস্থাপিত”



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

[www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)



## জরুরী বিজ্ঞপ্তি

নং- ঢাশিবো/বি/২১০/রেজি:/৪০৪৯

তারিখ : ১০/০৬/২০২৪

বিষয় : ২০২৩ সালের ৬ষ্ঠ ও ৮ম শ্রেণীতে (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক এবং সংযুক্ত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) অধ্যয়নকৃত শিক্ষার্থীর অনলাইন (ESIF পূরণের মাধ্যমে) রেজিস্ট্রেশনের সময় বৃদ্ধি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা-এর আওতাধীন অনুমোদিত ও স্বীকৃতিপ্রাপ্ত সকল শিক্ষাপ্রতিষ্ঠানের (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক এবং সংযুক্ত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) ২০২৩ সালের ৬ষ্ঠ ও ৮ম শ্রেণীতে বাদপড়া শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখার জন্য বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক এবং অভিভাবকদের আবেদনের প্রেক্ষিতে মানবিক কারণে বিলম্ব ফি ব্যতীত অনলাইনে রেজিস্ট্রেশনের সময়সীমা আগামী ১১/০৬/২০২৪ তারিখ থেকে ১৩/০৬/২০২৪ তারিখ পর্যন্ত নির্ধারণ করা হলো। উক্ত তারিখের মধ্যে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন না করলে প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

উল্লেখ্য, ২০২৩ সালে/শিক্ষাবর্ষে ৬ষ্ঠ শ্রেণীতে রেজিস্ট্রেশন করার পর উক্ত শিক্ষার্থীদের ৭ম ও ৮ম শ্রেণীতে আর রেজিস্ট্রেশন করা যাবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ইমেইল: [is@dhakaeducationboard.gov.bd](mailto:is@dhakaeducationboard.gov.bd)

ফোন: ০২-৫৮৬১০০৬৯

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক

বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান।

মেমো নং-

তারিখ :

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা।
- ৫। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,

ঢাকা।